

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী

‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭’ ও মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মার্চ ২০১৮ তারিখের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩-এ বর্ণিত ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কিত স্পষ্টীকরণ’-এর আলোকে এ বিভাগীয় কার্যালয়ের আওতাধীন জেলা কার্যালয়সমূহের প্রধানদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ সৈয়দ মোস্তাক হাসান  
উপপরিচালক (উপসচিব)

তারিখঃ ২৭ মে ২০১৯

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থানঃ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

- ১। মোঃ হাসান-আল-মারুফ  
সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী কার্যালয়ের আওতাধীন জেলা কার্যালয়সমূহের প্রধানদের বর্ণিত নীতিমালা ও শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কিত স্পষ্টীকরণ সংক্রান্ত স্মারকপত্র অনুসরণে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। সরকারী কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রণয়ন করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী এ বিভাগীয় কার্যালয়ের আওতাধীন জেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে জনাব আব্দুস সালাম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, পাবনা জেলা কার্যালয়, পাবনা-কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(সৈয়দ মোস্তাক হাসান)

উপপরিচালক (উপসচিব)

ও


সভাপতি, শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি

নম্বর : ২৬.০৪.৮১০০.৫০১.০৫.০০২.১৭-১৪৯/১(৪). ১৫৩

তারিখ : ২৭ মে ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।  
২। পরিচালক কাগ/(প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।  
৩। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।  
৪। অফিস কপি।



(সৈয়দ মোস্তাক হাসান)

উপপরিচালক (উপসচিব)

ফোনঃ ০৭২১-৭৭২৭৭৪, ফ্যাক্সঃ ০৭২১-৭৭৫৪০৬

ই-মেইলঃ [dd-rajshahi@dnrcp.gov.bd](mailto:dd-rajshahi@dnrcp.gov.bd)